



অধ্যক্ষ

নার্সিং মেমোরিয়াল নার্সিং কলেজ

বাড়ী নং-০০০৬, -০০, ওয়ার্ড নং-০৪

মোস্তাজাবুল হক রোড, বাগেরহাট

**বিষয়ঃ নার্সিং মেমোরিয়াল নার্সিং কলেজ, বাগেরহাটকে অধিভুক্তিকরণ করা প্রসঙ্গে।**


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের বরাতে আপনাকে জানানো যাচ্ছে যে, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা আইন' ২০২১ এর ধারা ৫১ এর আলোকে আপনার নার্সিং কলেজটি অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি হওয়ার ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে গত ০৭/০৬/২০২২ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের নেতৃত্বে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি পরিদর্শন টিম আপনার নার্সিং কলেজটি পরিদর্শন করে। পরিদর্শন পরবর্তী যে সকল অসঙ্গতি/ব্যতিক্রম/সমস্যা (anomaly) পরিদর্শন টিমের দৃষ্টিগোচর হয়েছে তা নিরসন করার জন্য নিম্নে উপস্থাপন করা হলো।

১. কলেজে শিক্ষক স্বল্পতা থাকায় ইতোপূর্বে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত অধিভুক্তিকরণ নীতিমালা অনুযায়ী বিভিন্ন বিভাগে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক অতিশীঘ্র নিয়োগ দিতে হবে।
২. কলেজের বর্তমান অর্গানোগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সঠিকভাবে প্রস্তুত করতে হবে।
৩. Physiology, Biochemistry and Microbiology ল্যাবের উন্নয়ন করতে হবে।
৪. Microscope ল্যাব থাকলেও এটিতে কোনো বৈদ্যুতিক সংযোগ না থাকায় বৈদ্যুতিক সংযোগের ব্যবস্থা করতে হবে।
৫. লাইব্রেরীতে বই এর সংখ্যা বৃদ্ধিসহ লাইব্রেরীতে কম্পিউটার এর ব্যবস্থা থাকতে হবে; এছাড়া লাইব্রেরীতে সহায়ক পুস্তক রাখা যাবে না।
৬. কম্পিউটার ল্যাব এ এসি এর ব্যবস্থা করতে হবে।

অতএব উপরে উল্লিখিত শর্তসমূহ আগামী ৩(তিন) মাসের মধ্যে পূরণসাপেক্ষে নার্সিং কলেজটিকে আগামী ১ (এক) বছর তথা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য অধিভুক্তির অনুমোদন দেয়া হলো।


উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
(মোঃ আব্দুর রউফ) ০৭/০৬/২০২২  
রেজিস্ট্রার  
শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়  
খুলনা

স্মারক নংঃ- শেহামেবি/রেজিঃ/মেডিকেল ও নার্সিং কলেজ-৪/২০২১/২০২২/ ২০২ (১)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০৭ জুন, ২০২২

- ১) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২) ডিন, নার্সিং অনুষদ, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা
- ৩) পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা
- ৪) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং এ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৬) পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়
- ৭) দপ্তর নথি
- ৮) সংরক্ষণ নথি

  
রেজিস্ট্রার ০৭/০৬/২০২২  
শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়  
খুলনা